গাংনী পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি কর্তৃক উপকরণ বিতরণ

পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস)-এর ‘পলাশীপাড়া শাখাতে সংস্থার সমন্বিত কৃষি ইউনিট এর কৃষি খাতের আওতায়, পরিবেশবান্ধব মালচিং পেপার ব্যবহার করে উচ্চমুল্যের ফসল চাষ ওউচ্চ ফলনশীল নতুন জাতের ফসল চাষ প্রদর্শনীর আওতায় ৯ জন উপকারভোগীর মাঝে উপকরণ বিতরণ করা হয়।

বিতরণকৃত উপকরণ সমূহের মধ্যে ছিল পরিবেশবান্ধব মালচিং পেপার, ট্রাইকো-কম্পোস্ট সার, রাসায়নিক সার, কিটনাশক, মাইক্রো নিউট্রিয়েন্ট,গমের বীজ, ছোলার বীজ , ভুট্টার বীজ (পপকর্ন), শসার বীজ, বেগুনের চারা সহ প্রয়োজনীয় উপকরণ সাইনবোর্ড ও রেজিষ্টার খাতা বিতরণ করা হয়। পাশাপাশি উপকারভোগীদেরকে প্রদর্শনীর লক্ষ্য ও উদ্দেশ্যসহ কিভাবে এর রক্ষণাবেক্ষন করতে হবে সে সম্পর্কে দিক নির্দেশনা প্রদান করা হয়।

উপকরণ বিতরণের সময় উপস্থিত ছিলেন মো: রমজান আলী, প্রেসিডেন্ট পিএসকেএস, পলাশীপাড়া শাখার শাখা ব্যবস্থাপক, এবং পলাশীপাড়া শাখার কর্মকর্তা ও কর্মচারীসহ সমন্বিত কৃষি ইউনিটের সকল কর্মকর্তাগন।

গাংনীতে পিএসকেএসের উদ্যোগে ২৫ জন উপকারভোগীর মাঝে উপকরণ বিতরণ

পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস)-এর সমন্বিত কৃষি ইউনিট এর কৃষি খাতের আওতায় নিরাপদ সবজি উৎপাদনের লক্ষ্যে গাংনী শাখার ভাটপাড়া গ্রামের ২৫ জন উপকারভোগীর মাঝে উপকরণ বিতরণ করা হয় ।

বিতরণকৃত উপকরণ সমূহের মধ্যে ছিল- স্পিডো লিউর, কিউ লিউর,

বিএসএফবি লিউর, যা বিভিন্ন ফসলের পোকামাকড় দমনের জন্য ব্যবহ্রত হয় যেমন, লাউ, কুমড়া, শসা, ফুলকপি, বেগুন ঝিঙ্গা,বরবটি ইত্যাদি। পাশাপাশি উপকারভোগীদেরকে উক্ত উপকরন প্রদানের লক্ষ্য ও উদ্দেশ্যসহ কিভাবে এর রক্ষণাবেক্ষন করতে হবে সে সম্পর্কে দিক নির্দেশনা প্রদান করা হয়।

উপকরণ বিতরণের সময় উপস্থিত ছিলেন পিএসকেএস এর সমন্বিত কৃষি ইউনিটের সকল কর্মকর্তাগন ।

গাংনীতে পিএসকেএস উদ্যোগে উপকরণ বিতরণ

গাংনীর পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস)-এর ‘প্রশিক্ষন কেন্দ্র ও খামার’- এ সংস্থার সমন্বিত কৃষি ইউনিট এর কৃষি খাতের আওতায় জন উপকারভোগীর মাঝে উপকরণ বিতরণ করা হয়েছে।

আজ সোমবার বেলা ১১ টার সময় সংস্থার খামার বাড়িতে উচ্চমূল্যের ফল উৎপাদনে উদ্যোক্তা তৈরি, পরিবেশবান্ধব মালচিং পেপার ব্যবহার করে উচ্চমুল্যের ফসল চাষ,উচ্চফলনশীল নতুন জাতের ফসল চাষ, শস্য নিবিড়তা বৃদ্ধিতে উন্নত ফসলধারা (ক্রপিং প্যাটার্ণ), প্রদর্শনীর আওতায় ১৪ জন উপকারভোগীর মাঝে উপকরণ বিতরণ করা হয় ।

বিতরণকৃত উপকরণ সমূহের মধ্যে ছিল- ৪০ টি আমের চারা (বারি-১১), ৪০ টি আমের চারা (থাই কাটিমন) ও ৭০ টি ব্যানানা ম্যাংগো আমের চারা, এবং ৪ রোল মালচিং পেপার, ফেঁরোমন ফাঁদ, ট্রাইকো-কম্পোস্ট সার, রাসায়নিক সার, কিটনাশক, লাউয়ের বীজ, ব্রোকলির বীজ, টমেটোর বীজ, সরিষা বীজ সহ সাইনবোর্ড ও রেজিষ্টার খাতা বিতরণ করা হয়। পাশাপাশি

উপকারভোগীদেরকে প্রদর্শনীর লক্ষ্য ও উদ্দেশ্যসহ কিভাবে এর রক্ষণাবেক্ষন করতে হবে সে সম্পর্কে দিক নির্দেশনা প্রদান করা হয়।

উপকরণ বিতরণের সময় উপস্থিত ছিলেন পিএসকেএস এর গাংনী শাখার শাখা

ব্যবস্থাপক ও সমন্বিত কৃষি ইউনিটের সকল কর্মকর্তাগন ।

গাংনীতে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি উদ্যোগে উপকরণ বিতরণ

মেহেরপুর গাংনীর পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস)-এর ‘প্রশিক্ষন কেন্দ্র ও খামার’- এ সংস্থার সমন্বিত কৃষি ইউনিট এর কৃষি খাতের আওতায় উ”চমূল্যের ফল উৎপাদনে উদ্যোক্তা তৈরি ও অনাবাদি জমিতে সবজি চাষ প্রদর্শনীর আওতায় ৫ জন উপকারভোগীর মাঝে উপকরণ বিতরণ করা হয়।

বিতরণকৃত উপকরণ সমূহের মধ্যে ছিল- ১৮০ টি বারি-১১ আমের চারা, ৩০টি ব্যানানা ম্যাংগো আমের চারা এবং ২১টি মোজাফ্ফর জাতের লিচুর চারা, ১৬টি সিমেন্টের খুটি, ট্রাইকো-কম্পোস্ট সার, রাসায়নিক সার, কিটনাশক, বিভিন্ন সবজির বীজ। পাশাপাশি উপকারভোগীদেরকে প্রদর্শনীর লক্ষ্য ও উদ্দেশ্যসহ কিভাবে এর রক্ষণাবেক্ষন করতে হবে সে সম্পর্কে দিক নির্দেশনা প্রদান করা হয়। উপকরণ বিতরণের সময় উপস্থিত ছিলেন পিএসকেএস এর সমন্বিত কৃষি ইউনিটের সকল কর্মকর্তাগন ।

অপরদিকে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির (পিএসকেএস) কর্তৃক উচ্চমূল্যের ফল উৎপাদনে উদ্যোক্তা তৈরি প্রদর্শনীর আওতায় তিনটি প্রদর্শনী বাস্তবায়নের লক্ষ্যে, বারি আম-১১, ব্যানানা ম্যংগো, এবং লিচু-মোজাফ্ফর জাতের চারা বিতরন সহ অন্যান্য উপকরণ সমূহ বিতরন করা হয়। এছাড়াও অনাবাদি জমিতে সবজি চাষ প্রদর্শনীর আওতায় ২ টি প্রদর্শনী বাস্তাবয়নের লক্ষ্যে উপকারভোগিদের মাঝে উপকরণ সমূহ বিতরন করে যথাযথ পরামর্শ প্রদান করা হয়।

গাংনীতে মৎস্য চাষীদের মধ্যে উপকরণ বিতরণ

মেহেরপুর গাংনীর বেসরকারি সংস্থা পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) কর্তৃক সমন্বিত কৃষি ইউনিটভুক্ত মৎস্যখাত এর আওতায় মৎস্য চাষীদের মধ্যে উপকরণ বিতরণ করা হয়েছে।

আজ মঙ্গলবার সকালে সংস্থার প্রশিক্ষণ খামারে মৎস্য চাষীদের মধ্যে উপকরণ বিতরণ অনুষ্ঠানের আয়োজন করে সংস্থাটি।
উত্তম ব্যবস্থাপনায় অফ-ফ্লেভার মুক্ত পাঙ্গাস ও তেলাপিয়া মাছ চাষ প্রদর্শনীর জন্য তেরাইল, জোড়পুকুরিয়া ও কাষ্টাদহ গ্রামের ২৫ জন উপকারভোগীর মাঝে পাঙ্গাস ও তেলাপিয়া মাছের পোনাসহ মাছ চাষ সহায়ক ঝাঁকি জাল, রাসায়নিক সার, জিও লাইট, সবজি বীজ, পেঁপে, বেগুণ, ঝালের চারা ও অন্যান্য উপকরণ বিতরণ করা হয়।

এ সময় যুব উন্নয়ন অধিদপ্তরের মৎস্য প্রশিক্ষক মোঃ মতিউর রহমান ও সংস্থার কর্মকর্তাসহ চাষীবৃন্দ উপস্থিত ছিলেন। উপকারভোগীদের উত্তম ব্যবস্থাপনায় মাছ চাষের পাশাপাশি পুকুর পাড়ের অনাবাদি জমিতে সবজি চাষের বিষয়ে উদ্বুদ্ধ করা হয়। উক্ত কার্যক্রমে আর্থিকভাবে সহায়তা করছে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)।

গাংনীতে বিফ ক্যাটল ফ্যাটেনিং ’’ বিষয়ক প্রদর্শনীর উপকরণ বিতরণ

পিকেএসএফ-এর অর্থায়নে ও পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির সহযোগিতায় সমন্বিত কৃষি ইউনিটভূক্ত প্রাণিসম্পদ খাতের আওতায় ১০ জন সদস্যর মাঝে ‘‘ব্যায় সাশ্রয়ী পদ্ধতিতে বিফ ক্যাটল ফ্যাটেনিং ’’ বিষয়ক প্রদর্শনীর উপকরণ বিতরণ করা হয়েছে।

এ সময় সদশ্যদের রাত্রি কালীন ঘর নির্মাণ বাবদ নগদ টাকা,ঘাসের কাটিং, ইউরিয়া মোলাসেস ও কেঁচো সার তৈরীর উপকরণ বিতরণ করা হয়। পরে সদস্যদের সাথে প্রদর্শনী বাস্তবায়নের লক্ষ্য ও উদ্দেশ্য এবং গরু মোটাতাজা করণের উপকারিতা সংক্রান্ত বিষয় নিয়ে পরামর্শ প্রদান ও বিস্তারিত আলোচনা করা হয়।

২০২৩-২০২৪ অর্থবছরের আর্থিক সহায়তায় পল্লী কর্ম -সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) বাস্তবায়ন করে।

মিরপুরে দিশার সহযোগীতায় ৫জন সদস্যদের মাঝে উপকরণ বিতরণ

মিরপুরে দিশার সহযোগীতায় ছাগল পালন প্রদর্শনীর ৫জন সদস্যদের মাঝে উপকরণ বিতরণ করা হয়েছে সকালে মিরপুর উপজেলার মশানে এসব সদস্যদের মাঝে এসব বিতরণ করা হয়।

তামাক নিয়ন্ত্রণে বিকল্প ফসল উৎপাদন ও বহুমুখী আয়ের উৎস সৃষ্টি শীর্ষক কার্যক্রমের আওতায় সমন্বিত কৃষি কৃষি ইউনিট ভুক্ত প্রাণী সম্পদ খাতের আওতায় তামাক চাষ নিয়ন্ত্রণে বিকল্প ফসল উৎপাদন ও বহুমুখী আয়ের উৎস সৃষ্টি শীর্ষক কার্যক্রম মাচা পদ্ধতিতে ছাগল পালন প্রদর্শনীর ৫জন সদস্যদের মাঝে ঘাসের কাটি, কৃমিনাশক ট্যাবলেট, ভিটামিন ও মিনারেল রেজিষ্টার বিনামুল্যে বিতরণ করা হয়। পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় এবং স্থানীয় দিশা স্বেচ্ছাসেবী আর্থ সামাজিক উন্নয়ন ও মানবিক কল্যাণ সংস্থার বাস্তবায়নে এসব বিতরনে উপস্থিত ছিলেন দিশার কারিগরি কর্মকর্তা কৃষিবিদ জিল্লুর রহমান, সহকারী কৃষি কর্মকর্তা এনামুল হক, প্রাণী সম্পদ কর্মকর্তা মিলন আলীসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।
দিশার কারিগরি কর্মকর্তা কৃষিবিদ জিল্লুর রহমান বলেন, এই মিরপুর উপজেলার বারুইপাড়া ইউনিয়নের এগারোটি গ্রামে তামাক চাষ কমিয়ে আনতে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এরই ফলশ্রুতিতে প্রাণী

সম্পদ খাতের আওতায় তামাক চাষ নিয়ন্ত্রণে বিকল্প ফসল উৎপাদন ও বহুমুখী আয়ের উৎস সৃষ্টি শীর্ষক কার্যক্রম মাচা পদ্ধতিতে ছাগল পালন প্রদর্শনীর ৫জন সদস্যদের মাঝে ঘাসের কাটি, কৃমিনাশক ট্যাবলেট, ভিটামিন ও মিনারেল রেজিষ্টার বিনামুল্যে বিতরণ করা হয়। তিনি বলেন, সরকারের কৃষি বিভাগের পাশাপাশি পিকেএসএফের সহযোগিতায় ও দিশার বাস্তবায়নে আমরা প্রান্তিক পর্যায়ের কৃষকের সাথে যোগাযোগ রেখে এই কৃষিখাতকে আরো সামনের দিকে এগিয়ে নিতে কাজ করছি।
মিরপুর উপজেলায় তামাক চাষ নিরোধে তামাক নিয়ন্ত্রণে বিকল্প ফসল উৎপাদন ও বহুমুখী আয়ের উৎস সৃষ্টি শীর্ষক কার্যক্রম চালু করেছে দিশা স্বেচ্ছাসেবী আর্থ সামাজিক উন্নয়ন ও মানবিক কল্যাণ সংস্থা।

আলমডাঙ্গায় প্রোডিউসার গ্রুপ ও লাইভস্টক ফার্মারস ফিল্ড স্কুলের উপকরণ বিতরণ

প্রোডিউসার গ্রুপ ও লাইভস্টক ফার্মারস ফিল্ড স্কুলের উপকরণ বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

সোমবার (১৬ জানুয়ারি) সকাল ১১ টায় উপজেলা প্রাণীসম্পদ ও ভেটেরিনারি হাসপাতালের উদ্যোগে এ উপকরণ বিতরণ করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা আব্দুল্লাহীল কাফি। এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন,’ প্রত্যেক মানুষ নিজ কর্মের মাধ্যমে নিজেকে এগিয়ে যেতে হবে। সরকারের দেওয়া সহযোগিতার মাধ্যমে প্রাণীসম্পদকে আরো প্রসস্ত বিস্তার করতে হবে। পশু পালনের মাধ্যমে পরিবারের পাশাপাশি সমাজে উন্নতি করা সম্ভব। সকলে চাকুরির পিছনে না ছুটে উদ্যোক্ত হতে হবে। এতে আর্থসামাজিক উন্নয়নের পাশাপাশি প্রাণী সম্পদের মাংসের ঘাটতি পুরণে ব্যাপক

ভুমিকা পালন করবে।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান সালমুন আহম্মেদ ডন, প্রাণী সম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পের মনিটরিং অফিসার আতিকুর রহমান, আরো উপস্থিত ছিলেন আলমডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সম্পাদক খন্দকার হামিদুল ইসলাম আজম।

অনুষ্ঠানটি পরিচালনা করেন উপজেলা প্রাণীসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা বাইজিদ খন্দকার।